

# আন বাড়িতে যাসনে মেয়ে

এই মেয়ে তুই কাল অকালে  
চোখ নাচিয়ে হাসিস কেন !  
ওম জড়ানো মিষ্টি রোদে  
ঝিলিক দিয়ে আসিস কেন !  
আমায় ভাল বাসিস কেন !  
কোন জ্বালাতে ফাণ্ডন আলোয়  
আগুন হয়ে নাচিস কেন !  
বুকের ভিতর কেমন করা মস্করা তুই করিস কেন !  
সুযোগ বুঝে কালবেলাতে কোল ঘেঁষে তুই বাসিস কেন !  
এই মেয়ে তুই যা শুনে যা,  
ভালবাসার দিন গুণে যা,  
যাবার বেলা সোহাগ করে  
হৃদয় ধরে টান দিয়ে যা,  
সেতার হয়ে বাজতে থাকুক,  
মাঞ্জা ঘষে শান দিয়ে যা ।  
ভাল যদি এতেই বাসিস  
দিক বিদিকে উড়িস কেন !  
নাগাল যে তোর পাইনে আমি,  
দুঃখে হৃদয় ভরিস কেন !  
এই মেয়ে তুই খাম দিকিনি  
উথাল পাখাল বন্ধ কর,  
তুই ছাড়া যে হৃদয় আমার  
নিকষ কালো অন্ধ ঘর,  
চোখ বিঁধিয়ে আমার চোখে  
আমার সাথে সন্ধি কর ,  
এদিক ওদিক দিসনে উড়াল  
উতাল হৃদয় বন্দি কর,  
আন বাড়ি তুই যাসনে মেয়ে,  
আয় দু'জনে বান্ধি ঘর ।